

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সুরক্ষা সেবা বিভাগ  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
অগ্নি অনুবিভাগ  
[www.ssd.gov.bd](http://www.ssd.gov.bd)

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর দপ্তর সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
মুদ্রা-সচিব (প্রশাসন)
প্রশাসন শাখা- ১/ ২/ ৩
বাজেট শাখা-১/২
মিশন শাখা-১/২
ডায়েরি নং

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩৮.০০২.১৬-৫১৯

তারিখ: ০২ শ্রাবণ ১৪২৪  
১৭ জুলাই ২০১৭

বিষয়: সুরক্ষা সেবা বিভাগের উত্তম চর্চা চিহ্নিকরণ প্রসঙ্গে।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৮২২.১৪.০৩৩.১৬.২১১, তারিখ: ২০/০৬/২০১৭ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সুরক্ষা সেবা বিভাগে উত্তম চর্চা (Best Practice)-কে উৎসাহিত করা হচ্ছে। উত্তম চর্চা-কে উৎসাহিত করার পাশাপাশি (১) সময়বদ্ধ কর্মপরিকল্পনা, (২) টেকসই উন্নয়ন অডীট (এসডিজি), (৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন ও বাস্তবায়ন, (৪) উদ্ভাবনী চর্চা, (৫) মানব সম্পদ উন্নয়ন, (৬) ই-সার্ভিস, (৭) জেডার ইকুইটি ইত্যাদি কার্যক্রমের বিষয়ে অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তার নেতৃত্বে একাধিক টিম গঠন করে দেওয়া হয়েছে। এ সব টিম আলোচ্য ইস্যুসমূহের উপর কাজ করছে।


০২। প্রসঙ্গক্রমে উল্লেখ্য যে, সুরক্ষা সেবা বিভাগের সেবামূলক কাজের সাথে অতি সম্প্রতি নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে:

(ক) বেসরকারি কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বিদেশস্থ মিশনসমূহে পাসপোর্ট সরবরাহকরণের নিমিত্ত প্রশাসনিক অনুমোদন প্রদান সংক্রান্ত।

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং বাংলাদেশ ডাক বিভাগের মধ্যে সম্পাদিত চুক্তি মোতাবেক পাসপোর্ট পারসোনাল ইজেশন সেন্টারে পাসপোর্টসমূহ প্রিন্টের পর তৈরি পাসপোর্টসমূহ দেশের অভ্যন্তরে ৬৪টি জেলা এবং দেশের বাহিরে ৬৫টি মিশনে প্রেরণ করা হচ্ছে। অনেক সময় জরুরি প্রয়োজনে দ্রুত পাসপোর্ট সরবরাহ (ভেলিভারি) সম্ভব হয় না। এ সমস্যা সমাধানের জন্য বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর গত ০১/০২/২০১৬ খ্রি: তারিখে বেসরকারি কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বিদেশস্থ মিশনসমূহে পাসপোর্ট সরবরাহকরণের প্রস্তাব প্রেরণ করে। তৎপ্রেক্ষিতে বেসরকারি কুরিয়ার সার্ভিস যথা: DHL, TNT ও FedEx এর মাধ্যমে বিদেশস্থ মিশনসমূহে পাসপোর্ট সরবরাহকরণের জন্য গত ২০/০৩/২০১৬ খ্রি: তারিখে প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়। এতে পাসপোর্ট সেবা গ্রহীতাগণের সময়ের সাশ্রয় হচ্ছে।

(খ) পাসপোর্ট সেবা প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সচিবালয়ে পাসপোর্ট অফিসের বৃথ খোলা প্রসংগে।

বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার, সিম্পোজিয়ামসহ সরকারি বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ ও পারিবারিক প্রয়োজনে সরকারি কর্মকর্তাগণকে বিদেশে গমন করতে হয়। এ কারণে স্বল্পতম সময়ে পাসপোর্ট সেবা পাওয়ার প্রয়োজনীয়তা দেখা দেয়। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর বাংলাদেশ সচিবালয় হতে দূরে ঢাকার আগারগাঁওয়ে অবস্থিত হওয়ায় সরকারি কর্মকর্তা/কর্মচারিগণের পাসপোর্ট সেবা পেতে সমস্যা হয়। এ সমস্যা নিরসনের লক্ষ্যে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সদয় নির্দেশনানুযায়ী ০৬/০৪/২০১৭ তারিখে বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে পাসপোর্ট অফিসের একটি বৃথ খোলা হয়েছে। এই বৃথের মাধ্যমে সহজে এবং স্বল্পতম সময়ে সরকারি কর্মকর্তা/কর্মচারি এবং তাদের পরিবারবর্গকে পাসপোর্ট সেবা প্রদান করা হচ্ছে।

  
(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)  
অতিরিক্ত সচিব  
ফোন : ৯৫৭৬৩৪৩  
E-mail : [fire1@ssd.gov.bd](mailto:fire1@ssd.gov.bd)

সচিব (সমন্বয় ও সংস্কার)

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা।)

অনুলিপি :

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।

০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। অফিস/মাস্টার কপি।